

“বিজ্ঞপ্তি”

এতদ্বারা গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার বারিষাব ইউনিয়নের চৌকার চালা বাজারের সকল ব্যবসায়ী/ব্যক্তি/প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় হতদরিদ্রদের মধ্যে সরকার নির্ধারিত মূল্যে খাদ্য সহায়তার লক্ষ্যে কার্ডের মাধ্যমে খাদ্যশস্য বিক্রির কার্যক্রম পরিচালনার জন্য চৌকার চালা বাজার কেন্দ্রে ১ জন খাদ্যবান্ধব কর্মসূচি ডিলার নিয়োগের নিমিত্তে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আগ্রহী ব্যবসায়ী/ব্যক্তি/প্রতিষ্ঠানকে আগামী ৩০/১২/২০২১ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাপাসিয়া, গাজীপুর বরাবরে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন জমা দিতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

শর্তাবলী:-

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।
২. আগ্রহী প্রার্থীদেরকে তাদের নিজস্ব লেটার হেড প্যাডে/সাদা কাগজে আবেদন করতে হবে।
৩. আবেদনপত্রের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দিতে হবে।
৪. ব্যবসায়ী হিসাবে হালসনের ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি দিতে হবে।
৫. আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
৬. দোকানের মালিকানার দলিলপত্র/ ভাড়াটিয়া চুক্তিনামার কপি দাখিল করতে হবে।
৭. দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে এবং পণ্য নিরাপদ সংরক্ষণের উপযোগী হতে হবে।
৮. মাসিক বরাদ্দকৃত সম্পূর্ণ চাল ধারণক্ষমতা সম্পন্ন দোকানে ডিলারকে উক্ত চাল সংরক্ষণে সু-ব্যবস্থা করতে হবে।
৯. ডিলারকে আর্থিকভাবে স্বচ্ছলতার স্বপক্ষে ব্যাংক সলভেন্সী প্রদান করতে হবে।
১০. শাস্তিপ্রাপ্ত/কালো তালিকাভুক্ত/বাতিল ও সাময়িকভাবে বরখাস্ত ব্যক্তি ডিলার নিয়োগের জন্য আবেদন করতে পারবে না।
১১. একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না।
১২. কোন সরকারি কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।

উপরোক্ত শর্তাবলী ছাড়াও সরকারি যে কোন শর্তাবলী ডিলারকে অনুসরণে বাধ্য থাকতে হবে।


০৯/১২/২০২১


(মো: শামীম আহমেদ)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
কাপাসিয়া, গাজীপুর।

তারিখ: ০৯/১২/২০২১ খ্রি:

স্মারক নং: ১৩.০২.৩৩৩৬.০০১.৫৭.৫৯.১১.২১- ৪৫৯(১৫)

অনুলিপি: সদয় অবগতি/অবগতির জন্য।

১. মাননীয় সংসদ সদস্য, গাজীপুর- ৪ প্রধান উপদেষ্টা।
২. উপজেলা চেয়ারম্যান, কাপাসিয়া, গাজীপুর, উপদেষ্টা।
৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুর।
৪. উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, ও সভাপতি উপজেলা খাদ্যবান্ধব কমিটি কাপাসিয়া, গাজীপুর।
৫. উপজেলা কৃষি কর্মকর্তা, খাদ্যবান্ধব কমিটির সম্মানিত সদস্য, কাপাসিয়া, গাজীপুর।
৬. উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, খাদ্যবান্ধব কমিটির সম্মানিত সদস্য, কাপাসিয়া, গাজীপুর।
৭. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, খাদ্যবান্ধব কমিটির সম্মানিত সদস্য, কাপাসিয়া, গাজীপুর।
৮. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খাদ্যবান্ধব কমিটির সম্মানিত সদস্য, কাপাসিয়া, গাজীপুর।
৯. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, খাদ্যবান্ধব কমিটির সম্মানিত সদস্য, কাপাসিয়া, গাজীপুর।
- ১০-১১. উপজেলা ভাইস চেয়ারম্যানগণ, খাদ্যবান্ধব কমিটির সম্মানিত সদস্য কাপাসিয়া, গাজীপুর।
১২. জনাব মোঃ শহীদুল্লাহ, সিটিজেন জার্নালিজম প্রতিনিধি, সম্মানিত সদস্য, কাপাসিয়া, গাজীপুর।
১৩. চেয়ারম্যান, বারিষাব ইউনিয়ন পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।
১৪. জনাব মো: জাহাঙ্গীর আলম, প.প.পরিদর্শক, কাপাসিয়া, গাজীপুর।
১৫. অফিস কপি।


০৯/১২/২০২১
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
কাপাসিয়া, গাজীপুর।